

২০২০

বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেসিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGP-DSE-T-1

(সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রকল্পের নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

(A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।)

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:  $২ \times ১০ = ২০$ 

- ক) দার্শনিক প্লেটোর মতানুযায়ী 'অনুকরণ' বা 'অনুকৃতি' বলতে কি বোঝায়?
- খ) 'বক্তৃত্ত্ব'র অর্থ কী?
- গ) ভারতীয় কাব্যতত্ত্বের আদিগুরু কে? তাঁর লেখা বিখ্যাত গ্রন্থটির নাম লেখো।
- ঘ) আচার্য বামনের মতে 'রীতি' কয়প্রকার ও কী কী?
- ঙ) 'কাব্যসত্য' বা 'সাহিত্যের সত্য' সম্পর্কে রবীন্দ্রনাথের মন্তব্য কী ছিল?

[পরপৃষ্ঠায়]

- চ) 'রীতিবাদে'র জনক কে? 'রীতিবাদ' নিয়ে আলোচনা করেছেন এমন দু'জন আলঙ্কারিকের নাম লেখো।
- ছ) 'রোমান্টিসিজম' বলতে কী বোঝায়?
- জ) বাংলা সাহিত্যে ক্লাসিসিজমের সূচনা কার লেখা কোন্ কাব্যের হাত ধরে?
- ঝ) বাংলা সাহিত্যে 'সুররিয়ালিজমের' প্রভাব কোন্ কবির মধ্যে সবচেয়ে বেশি দেখা যায়? তার একটি সুররিয়ালিজমযুক্ত কবিতার নাম লেখো।
- ঞ) বাংলা সাহিত্যে 'নিউ ক্লাসিক' যুগের সূত্রপাত কোন্ কবির কোন্ কাব্যের মাধ্যমে?
- ট) কোন্ কোন্ 'কবিওয়ালার' রচনা গীতিকবিতা হিসাবে অতি সুন্দর বলে বঙ্কিমচন্দ্র মনে করেন?
- ঠ) 'রক্তকরবী' নাটকটির রচয়িতা কে? কত সালে কোন্ পত্রিকায় নাটকটি প্রথম প্রকাশিত হয়?
- ড) 'রঞ্জন'-এর সঙ্গে পাঠক দর্শকের পরিচয় ঘটেছে কীভাবে?
- ঢ) প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুব কোন্ পর্বের কবিতাকে রবীন্দ্রনাথের গোটা জীবন-দর্শন বলে মনে করেন?
- ণ) "আমি এই বাণীর পছাতেই আমার গদ্য ও পদ্য রচনাকে চালনা করতে পেরেছি" — উদ্ধৃত বাক্যের উৎস নির্দেশ করো। এখানে কোন্ বাণীর পছার কথা বলা হয়েছে?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:  $৫ \times ৪ = ২০$
- ক) আচার্য বামন অলংকারকে 'কাব্যের আত্মা' না বলে রীতিকে কেন কাব্যের আত্মা বলেছেন — সংক্ষেপে লেখো।
- খ) ক্লাসিসিজমের বৈশিষ্ট্য বা লক্ষণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

- গ) বাংলা কাব্যে রোমান্টিসিজমের বিকাশ সম্পর্কে আলোচনা কর।
- ঘ) ‘.... এক বৈষণ্য কবিগণই ইহার সমুদ্র বিশেষ।’ - সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।
- ঙ) “দুঃখের আনন্দে যে গান গেয়ে বেড়ায়, কেউ জানে না কোথায় তার সত্যিকারের ব্যথা।” — কে গান গেয়ে বেড়ায়? ‘রক্তকরবীর তিনজন’ প্রবন্ধে প্রাবন্ধিক ‘সত্যিকারের ব্যথা’কে কেমনভাবে উদ্ঘাটন করেছেন?
- চ) “অথবা বলা উচিত সৌধরচনা অসমাপ্তই রয়ে গেল কবির মৃত্যুকালে,” — সপ্রসঙ্গ তাৎপর্য ব্যাখ্যা করো।
- ৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও:  $10 \times 2 = 20$
- ক) ‘বক্রোক্তিবাদের’ স্বরূপ এবং ‘বক্রোক্তি’ সম্পর্কে আলংকারিকদের আলোচনার পরিচয় দাও।
- খ) ‘সুরিয়ালিজমে’র সংজ্ঞা দাও। বাংলা সাহিত্যে সুরিয়ালিজমের প্রভাব সম্পর্কে আলোচনা করো।
- গ) ‘কাব্যে অন্তঃপ্রকৃতি ও বহিঃপ্রকৃতির মধ্যে যথার্থ সম্বন্ধ এই যে, উভয়ে উভয়ের প্রতিবিম্ব নিপতিত হয়।’ — ‘বিদ্যাপতি ও জয়দেব’ প্রবন্ধ অনুসরণে বন্ধিমচন্দ্র কেমনভাবে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন, তা সংক্ষেপে লিপিবদ্ধ করো।
- ঘ) “এরা তিনজনেই নন্দিনীকে ভালোবাসতো। আর নন্দিনীও ভালোবাসত তিনজনকেই। কিন্তু ভালোবাসার রকমফের থাকে। এদের ভালোবাসার ছিলো।” — ‘রক্তকরবীর তিনজন’ প্রবন্ধে অবলম্বনে সেই ‘ভালোবাসার রকমফের’ - এর স্বরূপ উন্মোচন করো।